

# ছন্দের কিছু পারিভাষিক শব্দ এবং সেগুলোর আলোচনা – ১

অভিজিৎ মাইতি  
সহকারী অধ্যাপক  
বাংলা বিভাগ  
মহিতোষ নন্দী মহাবিদ্যালয়  
জাগীপাড়া, ভূগলী

# অক্ষর/দল

সাধারণত অক্ষর শব্দের তিনটি অর্থ :

এক, অক্ষরের ব্যাকরণগত অর্থ বর্ণমালার বর্ণ বা letter.

দুই, সংস্কৃত ছন্দশাস্ত্রে অক্ষর অর্থে syllable বোঝায়।

তিন, বাংলা ছন্দে অক্ষর কখনো letter, কখনো syllable দুই অর্থেই প্রচলিত। যেমন ‘পুণ্যবান’ শব্দটিতে ব্যাকরণ মতে অক্ষর আছে ৮টি (প্+উ+ণ্+য়্+ব্+আ+ন্+অ)। সংস্কৃত ছন্দ-শাস্ত্রের মতে অক্ষর বা syllable আছে তিনটি। কিন্তু বাংলায় প্রচলিত অর্থে দৃষ্টিগ্রাহ্য অক্ষর চারটি (পু, গ্য, বা, ন), এর মধ্যে ছন্দ নির্ণয়কালে পুণ্, ন, বান্ এই তিনটি অক্ষর বা syllable কেই গ্রহণ করা হয়। কিন্তু এখানে আলাদা আলাদা ছন্দ অনুযায়ী মাত্রার সংখ্যার হেরফের ঘটে। একারণেই প্রবোধচন্দ্র সেন বলেছিলেন, ‘অক্ষর শব্দটিকেই ছন্দের আলোচনায় ব্যবহার করা উচিত নয়।’

বাংলা ছন্দের আলোচনায় অক্ষরকে দল বলা হয়। দল দুরকমের মুক্ত দল ও রুদ্ধ দল। মুক্ত দলের চিহ্ন এবং রুদ্ধ দলের চিহ্ন আলাদা আলাদা। তবে এক্ষেত্রেও জটিলতা আছে। বিভিন্ন ছন্দ বিষয়ক আলোচনার বইতে মুক্ত ও রুদ্ধ দলের চিহ্ন বিভিন্নরকমভাবে দেওয়া হয়েছে। তাই আমরা যখন এই বিষয়ে আলোচনা করবো বা ছন্দনির্ণয় করবো তখন আমরা লিখে দেবো আমাদের ব্যবহৃত চিহ্ন কেমন। যেমন,

উদাহরণঃ    ১ ১    ১ ১    ১ ১    ১ ১    ১ ১    ১ ১    ১ ১    ১ ১  
 নিজন মাছের কোথ / পুকুরের পাড়ে হাঁস / মক্যায় ঝাঁপার //  
 ১ ১ ১    ১ ১    ১ ১    ১ ১    ১ ১    ১ ১    ১ ১    ১ ১  
 পোয়েছে চুলের-স্থান / মেয়েলি হাতের ক্ষম / নিজে ছোঁছে তাঁর ॥

৮        /    ৮ / ৬ ॥

৮        /    ৮ / ৬ ॥

# মাত্রা

সংস্কৃতে একটি হ্রস্বস্বরের উচ্চারণে যে সময় লাগে তাকে মাত্রা বলা হয় – ‘একমাত্রোভবেদ্ব্ৰস্বঃ’ (শ্রুতবোধ)। সুতরাং দীর্ঘস্বরে দুমাত্রা হওয়া উচিত। তবে বাংলা ছন্দের আলোচনায় এরকম নিয়ম নেই। সঙ্গীতের পরিভাষায় ‘মাত্রা’ নিখুঁত ধ্বনি পরিমাণ বোঝাতে ব্যবহার হয়, ছন্দশাস্ত্রে তেমন শুধুমাত্র quantitative Measure বোঝাতে ব্যবহার হয়। এখানে উচ্চারণরীতির তারতম্য অনুসারে উচ্চাৰ্য অক্ষর বা দলকে যতটা সময় ধরে উচ্চারণ করা হয় তাই হল মাত্রা। অর্থাৎ ছন্দে মাত্রা Unit of Time, ইংরাজীতে একে বলে Metrical Moment।

বাংলা ছন্দে তিনটি রীত অনুযায়ী মাত্রার পরিমাণের পার্থক্য ঘটে।

বাংলা ছন্দে মাত্রার দুটি রূপ – দলমাত্রা (Syllabic Unit), কলামাত্রা (Moric Unit)।

# কলা

উচ্চারণভেদে দলের আয়তন দুপ্রকার – হ্রস্ব ও দীর্ঘ। একটি হ্রস্বস্বরের দলের সম আয়তন অর্থাৎ সমপরিমাণ ধ্বনিকে ছন্দের পরিভাষায় কলা (mora) বলা হয়। মুক্তদল সাধারণত দীর্ঘ হয় না বলে মুক্ত দল এককলা হয়। অন্যদিকে রুদ্ধদল ছন্দের প্রয়োজনে হ্রস্ব ও দীর্ঘ দুই হতে পারে। সংকুচিত রুদ্ধদল এক কলা, প্রসারিত রুদ্ধদল দুই কলার সমান।

ধন্যবাদ